দৈনিক সংবাদ

7

তারিখ ..28. MAR 1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬ ......

বুয়েটে ভর্তি পরীক্ষা আজ

# ৭২৫ আসনের জন্য প্রার্থী ৪৫২৬

(বুয়েটসংবাদদাতা)

আজ শনিবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে '৯৭-৯৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। মোট ৭শ' ২৫টি আসনের জন্য পরীক্ষায় অংশ নিচ্ছেন ৪ হাজার ৫শ' ২৬ জন।

ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ৬শ' ৭০টি আসনের জন্য ৪ হাজার ৩শ' ৭৯ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন অর্থাৎ প্রতিটি আসনের জন্য ৭ জন করে প্রতিদ্বন্দ্বী রয়েছেন। শুধুমাত্র স্থাপত্য বিভাগের ৫৫টি আসনের জন্য ১ হাজার ৪শ' ৩৯ জন প্রার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। এই বিভাগে ১টি আসনের জন্য ২৬ জন করে প্রতিদ্বন্দ্বী রয়েছেন।